

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩/২০১৫

অভিযোগকারী : জনাব অমিয় দাস রায়

পিতা-মৃত জিতেন্দ্র রায়

গ্রাম-কিসমত ফুলতলা

ডাকঘর-বাটিয়াঘাটা

উপজেলা-বাটিয়াঘাটা

জেলা-খুলনা।

প্রতিপক্ষ : জনাব জসীমউদ্দিন

সোসিও ইকোনোমিষ্ট

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) পক্ষে

ব্লু-গোল্ড কর্মসূচী

বাড়ী নং-৩৬২, শের ই বাংলা রোড

শেখ পাড়া, খুলনা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২২-০২-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব অমিয় দাস রায় ২১-০১-২০১৫ তার দাখিলকৃত ১৩৩/২০১৪ নং অভিযোগের বিষয়ে জনাব জসীমউদ্দিন, সোসিও ইকোনোমিষ্ট, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ব্লু-গোল্ড কর্মসূচী, বাড়ী নং-৩৬২, শের ই বাংলা রোড, শেখ পাড়া, খুলনা-এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ১৩৩/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রার্থীত তথ্যের মধ্যে (১) ব্লু-গোল্ড কর্মসূচী নীতিমালা না দিয়ে ১ টি প্রচারপত্র সরবরাহ করা হয়েছে, (২) ৩০ নং পোল্ডারে সমিতির সংখ্যা প্রদান করে তবে সুবিধা ভোগীদের নামের তালিকা দেয়নি। এ প্রেক্ষিতে তিনি পূর্ণাঙ্গ তথ্য পেতে পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। পরবর্তীতে অনিবার্য কারণবশত শুনানীর তারিখ ১৮-০২-২০১৫ এর পরিবর্তে ২২-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি পুনরায় সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব অমিয় দাস রায় হাজির। প্রতিপক্ষ জনাব জসীমউদ্দিন, সোসিও ইকোনোমিষ্ট, ব্লু-গোল্ড কর্মসূচী, বাড়ী নং-৩৬২, শের ই বাংলা রোড, শেখ পাড়া, খুলনা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, পূর্বের ১৩৩/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রার্থীত তথ্যের মধ্যে (১) ব্লু-গোল্ড কর্মসূচী নীতিমালা না দিয়ে ১ টি প্রচারপত্র সরবরাহ করা হয়েছে, (২) ৩০ নং পোল্ডারে সমিতির সংখ্যা প্রদান করে তবে সুবিধাভোগীদের নামের তালিকা প্রদান করেননি। এ প্রেক্ষিতে তিনি পূর্ণাঙ্গ তথ্য পেতে পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৪। প্রতিপক্ষ সোসিও ইকোনোমিষ্ট, ব্লু-গোল্ড কর্মসূচী, বাড়ী নং-৩৬২, শের ই বাংলা রোড, শেখ পাড়া, খুলনা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নন। তার কার্যালয়ে যে তথ্য সংরক্ষিত ছিল অভিযোগকারীকে তা সরবরাহ করা হয়েছে এবং সেই অনুযায়ী তাদের কার্যক্রম চলছে। এটিকে অভিযোগকারী প্রচারপত্র বা বিজ্ঞাপন মনে করছেন।

০৫। অভিযোগকারীকে নীতিমালা দিয়েছেন কিনা কমিশনের এমন প্রশ্নের জবাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উল্লেখ করেন যে, ব্লু-গোল্ড কর্মসূচীর কোন নীতিমালা নেই, তবে গাইডলাইন্স ফর পারটিসিপেটরি ওয়াটার ম্যানেজমেন্ট এবং গেজেটের কপি রয়েছে তা সাথে নিয়ে এসেছেন। প্রতিপক্ষ অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর মাধ্যমে সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

(অ: পৃ: দ্র:)

## পর্যালোচনা।

উভয়পক্ষের এর বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, প্রতিপক্ষ সোসিও ইকোনোমিষ্ট অভিযোগকারীকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। ব্লু-গোল্ড কর্মসূচীর কোন নীতিমালা নেই কিন্তু গাইডলাইন ও গেজেটের কপি রয়েছে। প্রতিপক্ষ অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর মাধ্যমে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সুবিধাভোগীদের নামের তালিকাসহ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ব্লু-গোল্ড কর্মসূচী, বাড়ী নং- ৩৬২, শের ই বাংলা রোড, শেখ পাড়া, খুলন-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার